

Higher Secondary Examination, 2008
Geography (New Syllabus)
(Bengali Version)

১. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ

১x১০=১০

নীচে দেওয়া বিবৃতিগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ

- ক) বায়ুমণ্ডলের জলীয় বাষ্পের প্রধান উৎস প্রস্বেদন/ভৌম জল/সামুদ্রিক জল ।
অথবা, ওজোন গ্যাসের আবরণ গামা রশ্মি/অতিবেগুনি রশ্মি/এক্স- রশ্মি থেকে জীবকুলকে রক্ষা করে ।
- খ) নাতিশীতোষ্ণ তৃণভূমি অঞ্চলে প্রচলিত কৃষি পদ্ধতির নাম প্রগাঢ় কৃষি/ব্যাপক কৃষি/বাগিচা কৃষি ।
- গ) পরিবহন ব্যবস্থা একটি প্রথম স্তর (প্রাইমারি)/দ্বিতীয় স্তর (সেকেণ্ডারি)/তৃতীয় স্তরভুক্ত (টার্সিয়ারি) অর্থনৈতিক ক্রিয়াকলাপ ।

সঠিক শব্দের দ্বারা শূন্যস্থান পূরণ করোঃ

ঘ) বাস্তৃতন্ত্রে শক্তির প্রধান উৎস.....।

ঙ) পৃথিবীর সর্বাপেক্ষা জনবহুল দেশ.....।

‘হ্যাঁ’ অথবা ‘না’ লেখোঃ (চ)CFC একটি গ্রিনহাউস গ্যাস । (ছ)সরষে একটি রবি ফসল
অথবা, প্রগাঢ় কৃষিতে মাথা পিছু উৎপাদন বেশি ।

জ) সম্পদের তুলনায় জনসংখ্যা বেশি হলে জীবনযাত্রার মান উন্নততর হয় ।

অথবা, দারিদ্র্য এবং অশিক্ষা জনসংখ্যা বৃদ্ধিতে সাহায্য করে ।

এক কথায় উত্তর দাওঃ (ঝ) রাস্তা বরাবর কী ধরনের জনবসতি গড়ে ওঠে ।

ঞ) জনসংখ্যার ভিত্তিতে ভারতের বৃহত্তম শহরটির নাম লেখো ।

অথবা, ভারতীয় আদমসুমারির ভিত্তিতে ১ লক্ষ বা তার বেশি জনসংখ্যা বিশিষ্ট শহরকে কোন শ্রেণির শহর বলে ?

২. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ

২x৭=১৪

উল্লেখযোগ্য বৈশিষ্ট্য লেখোঃ

- ক) মৃত্তিকা বলয় । অথবা, স্বাভাবিক উদ্ভিদ ।
- খ) কাম্য জনসংখ্যা । অথবা, শূন্য জনসংখ্যা বৃদ্ধি ।
- গ) মহানগর (মেট্রোপলিস) । অথবা, গ্রামীণ বসতি ।

ভৌগোলিক কারণ ব্যাখ্যা করোঃ

ঘ) চা কারখানা সাধারণত চা বাগিচার মধ্যেই গড়ে ওঠে কেন ?

অথবা, ভারতে কৃত্রিম তন্তুনির্ভর বস্ত্র শিল্প বন্দরের কাছে গড়ে উঠেছে কেন ?

অতি সংক্ষিপ্ত উত্তর দাওঃ (ঙ)খাদ্য শৃঙ্খল বলতে কী বোঝ ? (চ)তৃতীয় স্তরের (টার্সিয়ারি) অর্থনৈতিক ক্রিয়াকলাপ কাকে বলে ? (ছ)যোগাযোগ ব্যবস্থার প্রধান দুটি সুবিধা কী ?

৩. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ

8x11=88

ক) মৃত্তিকার উৎপত্তিতে আবহবিকারের ভূমিকা আলোচনা করো ।

অথবা, জাঙ্গল উদ্ভিদ ও লবণাম্মু উদ্ভিদের মধ্যে পার্থক্য করো ।

খ) মৃত্তিকা দূষণের কারণগুলি আলোচনা করো ।

অথবা, গ্রিনহাউস প্রভাব সম্পর্কে টীকা লেখো ।

গ) মানব জীবনে প্রাকৃতিক পরিবেশের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো ।

ঘ) ভিত্তি উল্লেখ করে অর্থনৈতিক ক্রিয়াকলাপের শ্রেণিবিভাগ করো ।

অথবা, স্থায়ী স্থানান্তরী কৃষির মধ্যে পার্থক্য করো ।

ঙ) ব্যাপক কৃষির প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো ।

অথবা, নিবিড় কৃষির প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো ।

চ) ভারতের যে কোনো চারটি রাজ্যে কাগজ শিল্পের বন্টন সংক্ষেপে আলোচনা করো ।

অথবা, ভারতে কার্পাস বয়ন শিল্পের সমস্যাগুলি আলোচনা করো ।

ছ) ভারতে মোটরগাড়ি নির্মাণ শিল্পের অবস্থান সংক্ষেপে আলোচনা করো ।

জ) লৌহ- ইস্পাত শিল্পের অবস্থানের কারণগুলি উদাহরণসহ আলোচনা করো ।

অথবা, ভারতে লৌহ- ইস্পাত শিল্পের সমস্যাগুলি আলোচনা করো ।

ঝ) জন ঘনত্বের বন্টনের ওপর দুটি প্রধান অর্থনৈতিক কারণের প্রভাব আলোচনা করো ।

অথবা, মানুষকে সম্পদরূপে গণ্য করা হয় কেন ?

ঞ) মানব সম্পদের গুণগত বৈশিষ্ট্য আলোচনা করো ।

অথবা, জন ঘনত্ব কাকে বলে এবং কীভাবে নির্ণয় করা হয় ?

ট) বিক্ষিপ্ত বসতির দুটি প্রধান বৈশিষ্ট্য আলোচনা করো ।

অথবা, পৌরবসতির চারটি প্রধান কার্যাবলি আলোচনা করো ।

৪. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাওঃ

৬x২=১২

ক) বাস্তুতন্ত্রের ধারণা আলোচনা করো ।

অথবা, পৃথিবীর প্রধান মৃত্তিকা বলয়গুলির নাম উল্লেখ করে যে কোনো দুটি প্রধান বলয়ের বর্ণনা দাও ।

খ) উদাহরণসহ জীবনধারণভিত্তিক কৃষির বন্টন ও বৈশিষ্ট্য আলোচনা করো ।

অথবা, পৃথিবীর যে কোনো দুটি প্রধান দেশের কার্পাস বয়ন শিল্পের বন্টন বর্ণনা করো ।